

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
www.mof.gov.bd
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১

বাজেট পরিপত্র

নং-০৭.১০১.০২০.০০.০০.০১১.২০১৬- ৭৫৯

তারিখঃ ১৮ ডিসেম্বর, ২০১৬

বিষয়ঃ মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (অনুন্নয়ন এবং উন্নয়ন) প্রণয়ন।

মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতায় সকল মন্ত্রণালয়/বিভাগের চলতি অর্থবছরের বাজেট সুষ্ঠু ও সময়মত বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে চলতি অর্থবছরের সংশোধিত বাজেট সত্ত্বর প্রণয়ন করা প্রয়োজন। ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

১.১ সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নীতিমালা

- ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন অবশ্যই চলতি অর্থবছরের মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হতে হবে;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতি ও উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে অগ্রাধিকার প্রাপ্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে চলতি অর্থবছরের মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বিভিন্ন অপারেশনাল ইউনিট অথবা আইটেমের বরাদ্দ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;
- ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত ব্যয়ের প্রাক্কলন প্রণয়নকালে অনুমোদিত মূল বাজেটে প্রদর্শিত মোট উন্নয়ন ব্যয়ের মধ্যে কোন অর্থ অব্যয়িত থাকবে বলে অনুমিত হলে উক্ত অব্যয়িত অর্থ কোনক্রমেই অনুন্নয়ন বাজেটে স্থানান্তর করা যাবে না।

১.২ ২০১৬-১৭ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

২০১৬-১৭ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য ফরম-১ ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০১৪-১৫ এবং ২০১৫-১৬) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০১৬-১৭) প্রথম তিন মাসের রাজস্ব আদায়ের ধারা (Revenue Collection Trend) বিবেচনা করতে হবে এবং তার ভিত্তিতে ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। ইতোমধ্যে কোন আইটেমের আদায়ের হার বৃদ্ধি করা হয়ে থাকলে পুনর্নির্ধারিত হারে সম্ভাব্য অতিরিক্ত রাজস্ব আদায়ের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে এবং প্রস্তাবিত প্রাক্কলনে তা প্রতিফলিত করতে হবে।

১.৩ ২০১৬-১৭ অর্থবছরের অনুন্নয়ন ব্যয়ের সংশোধিত প্রাক্কলনের (কর্মসূচি ব্যতীত) পদ্ধতি

অনুন্নয়ন ব্যয়ের (কর্মসূচি ব্যতীত) ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য ফরম-২ ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করতে হবে:

- সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০১৪-১৫ এবং ২০১৫-১৬) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০১৬-১৭) প্রথম তিন মাসের প্রকৃত ব্যয়ের ধারা (Expenditure Trend) বিবেচনা করতে হবে এবং তার ভিত্তিতে ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- কেবলমাত্র অফিসারদের বেতন ভাতা এবং প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন ভাতা খাতে ২০১৬-১৭ অর্থবছরের ৩ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। তবে এরূপ প্রাক্কলন তৈরীর ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার পরামর্শ গ্রহণ করা যেতে পারে;
- মূল্য বৃদ্ধি ব্যতিরেকে সরবরাহ ও সেবা খাতের অন্তর্ভুক্ত কোন আইটেমের বরাদ্দ বৃদ্ধি করা যাবে না;
- মূল বাজেটে সংস্থান ছিলনা এমন কোন সম্পদ সংগ্রহের জন্য সংশোধিত বাজেটে অর্থ বরাদ্দ করা যাবে না;
- চলতি অর্থবছরে অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত থেকে কোন অর্থ বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে তার প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- অর্থ বিভাগের অনুমোদনক্রমে অথবা মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অর্পিত ক্ষমতাবলে কোন অর্থ পুনঃউপযোজন করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে পুনঃউপযোজনকৃত অর্থের প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- অর্থ বিভাগের অনুমোদনক্রমে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অনুকূলে 'সমাপ্ত উন্নয়ন প্রকল্পের থোক' হতে কোন আইটেমে/অর্থনৈতিক কোডে বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে তার প্রতিফলন নিশ্চিত করতে হবে।

১.৪ রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি

রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের জন্য ফরম-৩ ব্যবহার করতে হবে। চলতি অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত চলমান কর্মসূচি এবং ইতোমধ্যে অনুমোদিত নতুন কর্মসূচির জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব প্রাক্কলনে অন্তর্ভুক্ত করতে হবে। অননুমোদিত কোন কর্মসূচির জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব করা যাবে না। সংশ্লিষ্ট কর্মসূচির সকল ব্যয় অবশ্যই বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য ও মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অনুমোদিত ব্যয়সীমার মধ্যে অগ্রাধিকারপ্রাপ্ত কর্মসূচির জন্য বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা যেতে পারে। তবে, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মসূচির জন্য অনুমোদিত মোট ব্যয়সীমা যাতে অতিক্রান্ত না হয় তার প্রতি লক্ষ্য রাখতে হবে।

১.৫ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি/উন্নয়ন বাজেট প্রণয়নের পদ্ধতি

২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ কর্মসূচি ও কারিগরি সহায়তা কর্মসূচি)/উন্নয়ন বাজেট প্রণয়নের জন্য ফরম-৪ ও ফরম-৫ (কেবল খাদ্য সাহায্যপুষ্টি প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) এবং ফরম-৬ (উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ) যথাযথভাবে পূরণ করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করতে হবেঃ

- সংশোধিত এডিপিতে প্রকল্প সংখ্যা সীমিত রাখতে হবে। সরকারের অগ্রাধিকার প্রকল্প অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের আলোকে অগ্রাধিকার ঠিক করে প্রয়োজনে অন্যান্য কম গুরুত্বপূর্ণ প্রকল্প বাদ দিতে হবে। আরএডিপি'র মূল অংশে বরাদ্দবিহীনভাবে কোন প্রকল্প রাখা যাবে না;
- একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প প্রস্তাব পৃথকভাবে প্রণয়ন না করে একত্রে একটি প্রকল্পের (গুচ্ছ প্রকল্প) আওতায় প্রস্তাব করা যথাযথ হবে। সংশোধিত এডিপিতে দারিদ্র বিমোচনে সহায়ক ও মানবসম্পদ উন্নয়নের সাথে সম্পৃক্ত খাতসমূহকে গুরুত্ব দিতে হবে।
- ২০১৬-১৭ অর্থবছরের এডিপি বহির্ভূত যেসব প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত হয়েছে এবং তাদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে সেসব প্রকল্প আরএডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করতে হবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প, ঘূর্ণিঝড় ও বন্যা উত্তর পুনর্বাসন সম্পর্কিত প্রকল্প এবং ২০১৬-১৭ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে; বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত হয়েছে এমন সব প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;
- ‘যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত’ অথবা ‘এসপিইসি কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশকৃত’ এবং ‘বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত অথবা বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত প্রকল্প’ ব্যতীত কোন অননুমোদিত কারিগরি সহায়তা প্রকল্প সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;
- সংশোধিত এডিপিতে নতুন প্রকল্প/এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত যেসব প্রকল্পের ডিপিপি জানুয়ারী, ২০১৭ এর মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা সম্ভব হবে না সেসব প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্ত করা যাবে না;
- ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত এডিপিতে এলাকা/অঞ্চলভিত্তিক সুসম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহের বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;
- চলতি প্রকল্পসমূহের অনুমোদিত প্রকল্প দলিলে উল্লেখিত প্রাক্কলিত ব্যয় এবং এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়ের ভিত্তিতে যুক্তিসঙ্গত ও সম্ভাব্য ব্যয়নের বিবেচনায় সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব করতে হবে। প্রকল্প সাহায্য বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য করা হবে;
- বৈদেশিক সাহায্যপুষ্টি (সাহায্যচুক্তি স্বাক্ষরিত/সাহায্য প্রাপ্তি সুনিশ্চিত) প্রকল্পের ক্ষেত্রে ২০১৬-১৭ অর্থবছরে প্রাপ্য বৈদেশিক সাহায্য ব্যবহারের নিমিত্তে পরিপূরক স্থানীয় মুদ্রা বরাদ্দের (Matching Taka Cover) দাবী/প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;
- ধীর গতি সম্পন্ন প্রকল্প হতে বরাদ্দ কর্তন করে দ্রুত বাস্তবায়ন গতি সম্পন্ন গুরুত্বপূর্ণ প্রকল্পে প্রয়োজনানুগ বরাদ্দ প্রদান করতে হবে। এছাড়া বরাদ্দ প্রদানের ক্ষেত্রে কৃষি, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ উৎপাদন, বন্যা উত্তর পুনর্বাসন এবং ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের ক্ষয়ক্ষতি পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;
- চলতি উন্নয়ন প্রকল্পের সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষেই শুধুমাত্র অপরিহার্য নতুন প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার বরাদ্দ প্রস্তাব করতে হবে;
- সরকারের আমদানী শুল্ক ও মূল্য সংযোজন করের (CDVAT) হার এবং আমদানি পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুসারে সিডিভ্যাট বাবদ প্রয়োজনীয় বরাদ্দের প্রস্তাব করতে হবে।

২. বাজেট প্রাক্কলনের সঙ্গে প্রদেয় অন্যান্য তথ্য/কাগজপত্র

বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বিস্তারিতভাবে পরীক্ষা ও অনুমোদনপূর্বক অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি নিশ্চিত করবে যে, বাজেট প্রাক্কলনসমূহ এই পরিপত্রে বর্ণিত নীতিমালা/পদ্ধতি যথাযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত প্রাক্কলনের সঙ্গে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী অবশ্যই সংযুক্ত করতে হবে।

৩. স্পষ্টীকরণ

বাজেট পরিপত্রে প্রদত্ত নীতিমালা/দিকনির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগে জ্ঞাপিত হেল্প ডেস্ক কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে। হেল্প ডেস্ক কর্মকর্তাগণের নাম ও ফোন নং পরিশিষ্ট-১ এ দেয়া হল।

৪. বাজেট প্রাক্কলন দাখিল করার সময়সীমা

চলতি ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলনসমূহ আগামী ০১ জানুয়ারী, ২০১৭ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রস্থ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
অতিরিক্ত সচিব (বাজেট-১)
ফোন : ৯৫১১০৫০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা।
৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সিনিয়র সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
৯. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৩. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১৫. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১৬. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
১৮. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২২. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২৩. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
২৫. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ১৪/ওয়াই, শেরে বাংলা নগর, ঢাকা।


৩২. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩. সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৪. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৫. সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৬. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৭. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৯. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫০. সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আবদুল গণি রোড, ঢাকা।
৫১. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৩. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৪. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৫. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৬. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫৭. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা।
৫৮. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৫৯. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, মহাখালী, ঢাকা।
৬০. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশের সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-০৭.১০১.০২০.০০.০০.০১১.২০১৬- ৭৫৯

তারিখঃ ১৮ ডিসেম্বর, ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১. অতিরিক্ত-সচিব (বাজেট-২/৩/৪/৫), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
২. যুগ্ম-সচিব (বাজেট-১/৬/৭/৮), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
৩. উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ।
৪. যুগ্ম-সচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সকল), বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ।
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৬. অতিরিক্ত সচিব (বাজেট এবং সামষ্টিক অর্থনীতি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৭. অতিরিক্ত সচিব (বাজেট-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৮. অতিরিক্ত সচিব (বাজেট-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।


 (উর্মি তামান্না)
 উপসচিব
 ফোন : ৯৫১৪১৪৬

অর্থ বিভাগের হেল্প ডেস্ক* এর কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর	
১.	অর্থ বিভাগ	বেগম উর্মি তামান্না উপসচিব, বাজেট - ১ অধিশাখা ফোনঃ ৯৫১৪১৪৬	জনাব মোঃ হাবিবুর রহমান যুগ্ম-সচিব (বাজেট-১) ফোনঃ ৯৫৭৬০৪৩
২.	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	বেগম উর্মি তামান্না উপসচিব, বাজেট - ১ অধিশাখা ফোনঃ ৯৫১৪১৪৬	জনাব মোঃ হাবিবুর রহমান যুগ্ম-সচিব (বাজেট-১) ফোনঃ ৯৫৭৬০৪৩
৩.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	বেগম উর্মি তামান্না উপসচিব, বাজেট - ১ অধিশাখা ফোনঃ ৯৫১৪১৪৬	জনাব মোঃ হাবিবুর রহমান যুগ্ম-সচিব (বাজেট-১) ফোনঃ ৯৫৭৬০৪৩
৪.	শিক্ষা মন্ত্রণালয়	দিলারা বেগম উপসচিব, বাজেট - ২ অধিশাখা ফোনঃ ৯৫৫০৩০৮	জনাব মোঃ হাবিবুর রহমান যুগ্ম-সচিব (বাজেট-১) ফোনঃ ৯৫৭৬০৪৩
৫.	সরকারি কর্মকমিশন সচিবালয়	দিলারা বেগম উপসচিব, বাজেট - ২ অধিশাখা ফোনঃ ৯৫৫০৩০৮	জনাব মোঃ হাবিবুর রহমান যুগ্ম-সচিব (বাজেট-১) ফোনঃ ৯৫৭৬০৪৩
৬.	খাদ্য মন্ত্রণালয়	জনাব আবু দাইয়ান মোহম্মদ আহসানউল্লাহ উপসচিব, বাজেট - ৩ অধিশাখা ফোনঃ ৯৫৬৩১৮৬	জনাব মোঃ হাবিবুর রহমান যুগ্ম-সচিব (বাজেট-১) ফোনঃ ৯৫৭৬০৪৩
৭.	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	জনাব আবু দাইয়ান মোহম্মদ আহসানউল্লাহ উপসচিব, বাজেট - ৩ অধিশাখা ফোনঃ ৯৫৬৩১৮৬	জনাব মোঃ হাবিবুর রহমান যুগ্ম-সচিব (বাজেট-১) ফোনঃ ৯৫৭৬০৪৩
৮.	রাষ্ট্রপতির কার্যালয়	জনাব মোঃ আবদুস সামাদ উপ সচিব, বাজেট - ৪ অধিশাখা ফোনঃ ৯৫৭৪০১৩	জনাব মোঃ রেজাউল আহসান অতিরিক্ত সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২২
৯.	নির্বাচন কমিশন সচিবালয়	জনাব মোঃ আবদুস সামাদ উপ সচিব, বাজেট - ৪ অধিশাখা ফোনঃ ৯৫৭৪০১৩	জনাব মোঃ রেজাউল আহসান অতিরিক্ত সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২২
১০.	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	জনাব মোঃ আবদুস সামাদ উপ সচিব, বাজেট - ৪ অধিশাখা ফোনঃ ৯৫৭৪০১৩	জনাব মোঃ রেজাউল আহসান অতিরিক্ত সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২২
১১.	প্রধানমন্ত্রীর কার্যালয়	জনাব মোহাম্মদ সাইদুল ইসলাম সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৫ ফোনঃ ৯৫৭৪০১৬	জনাব মোঃ রেজাউল আহসান অতিরিক্ত সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২২
১২.	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	জনাব মোহাম্মদ সাইদুল ইসলাম সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৫ ফোনঃ ৯৫৭৪০১৬	জনাব মোঃ রেজাউল আহসান অতিরিক্ত সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২২
১৩.	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	জনাব মোঃ রাজিবুল আহসান সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৬ ফোনঃ ৯৫৭৬০৩৮	জনাব মোঃ রেজাউল আহসান অতিরিক্ত সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২২
১৪.	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	জনাব মোঃ রাজিবুল আহসান সিনিয়র সহকারী সচিব, বাজেট - ৬ ফোনঃ ৯৫৭৬০৩৮	জনাব মোঃ রেজাউল আহসান অতিরিক্ত সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২২
১৫.	প্রতিরক্ষা মন্ত্রণালয়	বেগম নাজমা মোবারেক উপ সচিব, বাজেট - ৭ অধিশাখা ফোনঃ ৯৫৭৬০২৯	জনাব মোঃ রেজাউল আহসান অতিরিক্ত সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২২
১৬.	সশস্ত্র বাহিনী বিভাগ	বেগম নাজমা মোবারেক উপ সচিব, বাজেট - ৭ অধিশাখা ফোনঃ ৯৫৭৬০২৯	জনাব মোঃ রেজাউল আহসান অতিরিক্ত সচিব (বাজেট-২) ফোনঃ ৯৫৭৬০২২
১৭.	পররাষ্ট্র মন্ত্রণালয়	বেগম হুমায়রা বেগম উপ সচিব, বাজেট - ৮ অধিশাখা ফোনঃ ৯৫৭৩৬৫৫	জনাব মোঃ আজিজুল আলম অতিরিক্ত সচিব (বাজেট-৩) ফোনঃ ৯৫৭৪০০৫
১৮.	তথ্য মন্ত্রণালয়	বেগম হুমায়রা বেগম উপ সচিব, বাজেট - ৮ অধিশাখা ফোনঃ ৯৫৭৩৬৫৫	জনাব মোঃ আজিজুল আলম অতিরিক্ত সচিব (বাজেট-৩) ফোনঃ ৯৫৭৪০০৫
১৯.	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	বেগম হুমায়রা বেগম উপ সচিব, বাজেট - ৮ অধিশাখা ফোনঃ ৯৫৭৩৬৫৫	জনাব মোঃ আজিজুল আলম অতিরিক্ত সচিব (বাজেট-৩) ফোনঃ ৯৫৭৪০০৫

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর	
২০.	সমাজ কল্যাণ মন্ত্রণালয়	জনাব মেহেদী মাসুদুজ্জামান উপসচিব, বাজেট - ৯ ফোনঃ ৯৫৫৮৫৮৮	জনাব মো: আজিজুল আলম অতিরিক্ত সচিব (বাজেট-৩) ফোনঃ ৯৫৭৪০০৫
২১.	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	জনাব মেহেদী মাসুদুজ্জামান উপসচিব, বাজেট - ৯ ফোনঃ ৯৫৫৮৫৮৮	জনাব মো: আজিজুল আলম অতিরিক্ত সচিব (বাজেট-৩) ফোনঃ ৯৫৭৪০০৫
২২.	মন্ত্রিপরিষদ বিভাগ	জনাব মোহাম্মদ আজাদ ছাল্লাল উপ সচিব, বাজেট - ১০ অধিশাখা ফোনঃ ৯৫৭৬০৩০	জনাব মো: আজিজুল আলম অতিরিক্ত সচিব (বাজেট-৩) ফোনঃ ৯৫৭৪০০৫
২৩.	দুর্নীতি দমন কমিশন	জনাব মোহাম্মদ আজাদ ছাল্লাল উপ সচিব, বাজেট - ১০ অধিশাখা ফোনঃ ৯৫৭৬০৩০	জনাব মো: আজিজুল আলম অতিরিক্ত সচিব (বাজেট-৩) ফোনঃ ৯৫৭৪০০৫
২৪.	জনপ্রশাসন মন্ত্রণালয়	জনাব মোহাম্মদ আজাদ ছাল্লাল উপ সচিব, বাজেট - ১০ অধিশাখা ফোনঃ ৯৫৭৬০৩০	জনাব মো: আজিজুল আলম অতিরিক্ত সচিব (বাজেট-৩) ফোনঃ ৯৫৭৪০০৫
২৫.	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	জনাব মোঃ লতিফুর রহমান সহকারী সচিব, বাজেট-২১ ফোনঃ ৯৫৪০২৮৭	জনাব মোঃ আব্দুল হক যুগ্ম-সচিব (বাজেট-৭) ফোনঃ ৯৫১৪৪১৬
২৬.	জাতীয় সংসদ সচিবালয়	জনাব মোঃ লতিফুর রহমান সহকারী সচিব, বাজেট-২১ ফোনঃ ৯৫৪০২৮৭	জনাব মোঃ আব্দুল হক যুগ্ম-সচিব (বাজেট-৭) ফোনঃ ৯৫১৪৪১৬
২৭.	বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়	জনাব মোঃ লতিফুর রহমান সহকারী সচিব, বাজেট-২১ ফোনঃ ৯৫৪০২৮৭	জনাব মোঃ আব্দুল হক যুগ্ম-সচিব (বাজেট-৭) ফোনঃ ৯৫১৪৪১৬
২৮.	আইন ও বিচার বিভাগ	জনাব মোঃ লতিফুর রহমান সহকারী সচিব, বাজেট-২২ ফোনঃ ৯৫৪০২৮৭	জনাব মোঃ আব্দুল হক যুগ্ম-সচিব (বাজেট-৭) ফোনঃ ৯৫১৪৪১৬
২৯.	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	জনাব মোঃ লতিফুর রহমান সহকারী সচিব, বাজেট-২২ ফোনঃ ৯৫৪০২৮৭	জনাব মোঃ আব্দুল হক যুগ্ম-সচিব (বাজেট-৭) ফোনঃ ৯৫১৪৪১৬
৩০.	সুপ্রীম কোর্ট	জনাব মোঃ লতিফুর রহমান সহকারী সচিব, বাজেট-২২ ফোনঃ ৯৫৪০২৮৭	জনাব মোঃ আব্দুল হক যুগ্ম-সচিব (বাজেট-৭) ফোনঃ ৯৫১৪৪১৬
৩১.	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	জনাব মোঃ আবদুর রহমান খান উপ সচিব, বাজেট - ২৩ অধিশাখা ফোনঃ ৯৫৪০২৮৪	জনাব মোঃ আব্দুল হক যুগ্ম-সচিব (বাজেট-৭) ফোনঃ ৯৫১৪৪১৬
৩২.	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	জনাব মোঃ আবদুর রহমান খান উপ সচিব, বাজেট - ২৩ অধিশাখা ফোনঃ ৯৫৪০২৮৪	জনাব মোঃ আব্দুল হক যুগ্ম-সচিব (বাজেট-৭) ফোনঃ ৯৫১৪৪১৬
৩৩.	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	জনাব মোঃ আবদুর রহমান খান উপ সচিব, বাজেট - ২৩ অধিশাখা ফোনঃ ৯৫৪০২৮৪	জনাব মোঃ আব্দুল হক যুগ্ম-সচিব (বাজেট-৭) ফোনঃ ৯৫১৪৪১৬
৩৪.	স্থানীয় সরকার বিভাগ	জনাব মোঃ হেলাল উদ্দীন মিনিয়র সহকারী সচিব, বাজেট - ১১ ফোনঃ ৯৫৫৭২০৩	বেগম রুবীনা আমীন অতিরিক্ত সচিব (বাজেট-৪) ফোনঃ ৯৫১৪৪৬১
৩৫.	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	বেগম ফরিদা ইয়াসমিন মিনিয়র সহকারী সচিব, বাজেট - ১২ ফোনঃ ৯৫৭৬০৩৩	বেগম রুবীনা আমীন অতিরিক্ত সচিব (বাজেট-৪) ফোনঃ ৯৫১৪৪৬১
৩৬.	বাণিজ্য মন্ত্রণালয়	বেগম ফরিদা ইয়াসমিন মিনিয়র সহকারী সচিব, বাজেট - ১২ ফোনঃ ৯৫৭৬০৩৩	বেগম রুবীনা আমীন অতিরিক্ত সচিব (বাজেট-৪) ফোনঃ ৯৫১৪৪৬১
৩৭.	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	সৈয়দ রাশেদুল হোসেন উপ সচিব, বাজেট - ১৩ অধিশাখা ফোনঃ ৯৫৬৫৪৯৬	বেগম রুবীনা আমীন অতিরিক্ত সচিব (বাজেট-৪) ফোনঃ ৯৫১৪৪৬১
৩৮.	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সৈয়দ রাশেদুল হোসেন উপ সচিব, বাজেট - ১৩ অধিশাখা ফোনঃ ৯৫৬৫৪৯৬	বেগম রুবীনা আমীন অতিরিক্ত সচিব (বাজেট-৪) ফোনঃ ৯৫১৪৪৬১
৩৯.	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	বেগম শামস-ই-আরা বিনতে হুদা যুগ্ম সচিব, বাজেট - ১৪ অধিশাখা ফোনঃ ৯৫৭৪৩০৬	বেগম রুবীনা আমীন অতিরিক্ত সচিব (বাজেট-৪) ফোনঃ ৯৫১৪৪৬১

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর	
৪০.	শিল্প মন্ত্রণালয়	বেগম শামসু-ই-আরা বিন্তে হদা যুগ্ম সচিব, বাজেট - ১৪ অধিশাখা ফোনঃ ৯৫৭৪৩০৬	বেগম রুবীনা আশীন অতিরিক্ত সচিব (বাজেট-৪) ফোনঃ ৯৫১৪৪৬১
৪১.	বিদ্যুৎ বিভাগ	জনাব সিরাজুন নূর চৌধুরী উপ সচিব, বাজেট - ১৫ অধিশাখা ফোনঃ ৯৫৬৫১৮৪	বেগম আরফিন আরা বেগম অতিরিক্ত সচিব (বাজেট-৫) ফোনঃ ৯৫১১০৪৯
৪২.	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	জনাব সিরাজুন নূর চৌধুরী উপ সচিব, বাজেট - ১৫ অধিশাখা ফোনঃ ৯৫৬৫১৮৪	বেগম আরফিন আরা বেগম অতিরিক্ত সচিব (বাজেট-৫) ফোনঃ ৯৫১১০৪৯
৪৩.	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	জনাব মোঃ ইয়াসীন উপ সচিব, বাজেট - ১৬ অধিশাখা ফোনঃ ৯৩৬০৪০৭	বেগম আরফিন আরা বেগম অতিরিক্ত সচিব (বাজেট-৫) ফোনঃ ৯৫১১০৪৯
৪৪.	সেতু বিভাগ	জনাব মোঃ ইয়াসীন উপ সচিব, বাজেট - ১৬ অধিশাখা ফোনঃ ৯৩৬০৪০৭	বেগম আরফিন আরা বেগম অতিরিক্ত সচিব (বাজেট-৫) ফোনঃ ৯৫১১০৪৯
৪৫.	নৌ-পরিবহন মন্ত্রণালয়	শেখ মোমেনা মনি উপ সচিব, বাজেট - ১৭ অধিশাখা ফোনঃ ৯৫৭৪৩০৮	বেগম আরফিন আরা বেগম অতিরিক্ত সচিব (বাজেট-৫) ফোনঃ ৯৫১১০৪৯
৪৬.	রেলপথ মন্ত্রণালয়	শেখ মোমেনা মনি উপ সচিব, বাজেট - ১৭ অধিশাখা ফোনঃ ৯৫৭৪৩০৮	বেগম আরফিন আরা বেগম অতিরিক্ত সচিব (বাজেট-৫) ফোনঃ ৯৫১১০৪৯
৪৭.	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	ড. খুরশীদ আলম উপসচিব, বাজেট - ১৮ অধিশাখা ফোনঃ ৯৫৬৯৭৫৩	ড. কৃষ্ণা গায়েন যুগ্ম-সচিব (বাজেট-৬) ফোনঃ ৯৫৭৬০২১
৪৮.	ভূমি মন্ত্রণালয়	ড. খুরশীদ আলম উপসচিব, বাজেট - ১৮ অধিশাখা ফোনঃ ৯৫৬৯৭৫৩	ড. কৃষ্ণা গায়েন যুগ্ম-সচিব (বাজেট-৬) ফোনঃ ৯৫৭৬০২১
৪৯.	পরিবেশ ও বন মন্ত্রণালয়	বেগম ফারজানা আহমেদ সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৯ ফোনঃ ৯৫৬৮৮২১	ড. কৃষ্ণা গায়েন যুগ্ম-সচিব (বাজেট-৬) ফোনঃ ৯৫৭৬০২১
৫০.	পানি সম্পদ মন্ত্রণালয়	বেগম ফারজানা আহমেদ সিনিয়র সহকারী সচিব, বাজেট - ১৯ ফোনঃ ৯৫৬৮৮২১	ড. কৃষ্ণা গায়েন যুগ্ম-সচিব (বাজেট-৬) ফোনঃ ৯৫৭৬০২১
৫১.	কৃষি মন্ত্রণালয়	বেগম রওনক জাহান উপসচিব, বাজেট - ২০ অধিশাখা ফোনঃ ৯৫৫৬৬৭৬	ড. কৃষ্ণা গায়েন যুগ্ম-সচিব (বাজেট-৬) ফোনঃ ৯৫৭৬০২১
৫২.	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	বেগম রওনক জাহান উপসচিব, বাজেট - ২০ অধিশাখা ফোনঃ ৯৫৫৬৬৭৬	ড. কৃষ্ণা গায়েন যুগ্ম-সচিব (বাজেট-৬) ফোনঃ ৯৫৭৬০২১
৫৩.	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	বেগম সায়মা শাহিন সুলতানা উপ সচিব, বাজেট-২৪ অধিশাখা ফোনঃ ৯৫১৪৪১৮	শেখ মোহাম্মদ সলিম উল্লাহ যুগ্ম-সচিব (বাজেট-৮) ফোনঃ ৯৫১৪৪১৭
৫৪.	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	বেগম সায়মা শাহিন সুলতানা উপ সচিব, বাজেট-২৪ অধিশাখা ফোনঃ ৯৫১৪৪১৮	শেখ মোহাম্মদ সলিম উল্লাহ যুগ্ম-সচিব (বাজেট-৮) ফোনঃ ৯৫১৪৪১৭
৫৫.	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	বেগম সায়মা শাহিন সুলতানা যুগ্ম সচিব, বাজেট-২৫ অধিশাখা ফোনঃ ৯৫১৪৪১৯	শেখ মোহাম্মদ সলিম উল্লাহ যুগ্ম-সচিব (বাজেট-৮) ফোনঃ ৯৫১৪৪১৭
৫৬.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	বেগম সায়মা শাহিন সুলতানা যুগ্ম সচিব, বাজেট-২৫ অধিশাখা ফোনঃ ৯৫১৪৪১৯	শেখ মোহাম্মদ সলিম উল্লাহ যুগ্ম-সচিব (বাজেট-৮) ফোনঃ ৯৫১৪৪১৭
৫৭.	পরিকল্পনা বিভাগ	বেগম মাকসুরা নূর যুগ্ম সচিব, বাজেট-২৬ অধিশাখা ফোনঃ ৯৫৪০২৮৫	শেখ মোহাম্মদ সলিম উল্লাহ যুগ্ম-সচিব (বাজেট-৮) ফোনঃ ৯৫১৪৪১৭
৫৮.	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	বেগম মাকসুরা নূর যুগ্ম সচিব, বাজেট-২৬ অধিশাখা ফোনঃ ৯৫৪০২৮৫	শেখ মোহাম্মদ সলিম উল্লাহ যুগ্ম-সচিব (বাজেট-৮) ফোনঃ ৯৫১৪৪১৭
৫৯.	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	বেগম মাকসুরা নূর যুগ্ম সচিব, বাজেট-২৬ অধিশাখা ফোনঃ ৯৫৪০২৮৫	শেখ মোহাম্মদ সলিম উল্লাহ যুগ্ম-সচিব (বাজেট-৮) ফোনঃ ৯৫১৪৪১৭

* জনাব মোঃ হাবিবুর রহমান, যুগ্ম-সচিব (বাজেট-১) হেল্প ডেস্ক এর সমন্বয়কারী (Coordinator) হিসেবে দায়িত্ব পালন করবেন এবং কোন বিষয়ে স্পষ্টীকরণ/সহায়তার প্রয়োজন হলে তাঁর অধিশাখার আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহ ছাড়াও যে কোন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তাঁর সাথে যোগাযোগ করা যেতে পারে।